দৈনিক জনকণ্ঠ
তারিখ ... 14 MAY 1994 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৩ ...

২০

# শিক্ষকদের পথ প্রদর্শক হতে হবে ঃ প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বলেছেন, বর্তমান সরকার সমাজ থেকে নিরক্ষরতা দূরীকরণের মাধ্যমে দেশকে সমৃদ্ধির দিকে এগিয়ে নিয়ে যাচ্ছে। খবর বাসস'র।

শুক্রবার প্রাথমিক শিক্ষক সমিতির একটি প্রতিনিধিদল প্রধানমন্ত্রীর সঙ্গে তাঁর সুগন্ধা কার্যালয়ে সাক্ষাৎ করলে তিনি একথা বলেন। প্রধানমন্ত্রী বলেন, জাতিকে এই ইপ্সিত গন্তব্যে এগিয়ে নেয়ার লক্ষ্যে বর্তমান গণতান্ত্রিক সরকারের মহৎ কাজে শিক্ষকরা পথপ্রদর্শকের ভূমিকা পালন করতে পারেন।

প্রধানমন্ত্রী শিক্ষাক্ষেত্রে বর্তমান সরকারের বিভিন্ন চলতি কর্মসূচী বাস্তবায়নে সহায়তা করতে এবং দেশের ভবিষ্যৎ নেতৃত্ব গ্রহণের জন্য শিশুদের উপযুক্তভাবে গড়ে তুলতে শিক্ষকদের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, সরকার শিক্ষাখাতকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়েছে। জাতীয় উন্নয়নকে নিশ্চিত করার লক্ষ্যে বাজেটে শিক্ষাখাতে সর্বাধিক অর্থ বরাদ্ধ প্রদান করা হয়েছে।

বেগম খালেদা জিয়া বলেন, সরকার ইতিমধ্যে প্রাথমিক শিক্ষাকে বাধ্যতামূলক করেছে, শিক্ষার জন্য খাদ্য কর্মসূচী চালু করেছে এবং অষ্টম শ্রেণী পর্যন্ত ছাত্রীদের বিনা বেতনে শিক্ষার ব্যবস্থা করেছে। তিনি আরও বলেন, সরকার অদূরভবিষ্যতে দশম শ্রেণী পর্যন্ত ছাত্রীদের বিনা বেতনে শিক্ষা প্রদানের কথা বিবেচনা করছে। শিক্ষা প্রতিমন্ত্রী অধ্যক্ষ ইউনুস খান এ সময় উপস্থিত ছিলেন।